

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.২৫১.২২-২০৩

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
১০ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ


**বিষয়: বেহালা মাধ্যমিক বিদ্যালয়, তালতলী, বরগুনা এর অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে জবাব প্রেরণ।**

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.৫২.২০২১/২১৩; তারিখ: ১৫/১১/২০২১ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)  
(২) ডিআইএ/বরগুনা/৮২৬-এস/খুলনা:১৪৭৬; তারিখ: ২২/১০/২০২১ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, বরগুনা জেলার তালতলী উপজেলাধীন বেহালা মাধ্যমিক বিদ্যালয়টি বিগত ২৯/১০/২০১৮ খ্রি. পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের দফাওয়ারী ব্রডশিট জবাব প্রতিষ্ঠান প্রধান, জেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামতসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ করা হয়। গত ১৫/০৩/২০২২ তারিখে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাব পর্যালোচনায় বর্ণিত অতিরিক্ত গৃহীত অর্থ সরকারি কোষাগারে ফেরত সংক্রান্ত অভিযোগের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) জনাব মো. ছিদ্দিকুর রহমানের বিপরীতে উত্থাপিত অভিযোগ এর বিষয়ে বিদ্যমান বিধি-বিধানের আলোকে দালিলিক প্রমানসহ এ কার্যালয়ে জবাব দাখিল করবেন।**

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



মোহা: লিয়াকত আলী

উপসচিব

ফোন - ০২৫৫১০০৮১৭

**জনাব ছিদ্দিকুর রহমান**

সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা), বেহালা মাধ্যমিক বিদ্যালয়, তালতলী, বরগুনা

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. প্রধান শিক্ষক, বেহালা মাধ্যমিক বিদ্যালয়, তালতলী, বরগুনা
৫. অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৬. অফিস কপি।